CHANGE OF NAME

I, MOHAMMED FIROZ, S/o Late ABDUL SAMAD, resident of Govt. Saw Mill Road, Mahananda Para, P.O.-siliguri Bazar, P.S-Siliguri, Dist.-Darjeeling, Pin-734005, West Bengal, India do hereby declare that I have changed my name from MOHAMMED FIROZ to MD FIROZ and henceforth I shall be known as MD FIROZ in all purpose, vide affidavit Sl.no.237, on dated 09.10.2026 sworn before the Notary Public at Siliguri. MD FIROZ (new name) and MOHAMMED FIROZ (old name) both are same and one identical person.

এফিডেভিট

আমি MANOWAR HOSSAIN পিতা - AJAM ALI . আমার ড্রাইভিং লাইসেন্স নং - WB63 2007 0865318 - এ আমার পিতার নাম AZAM ALI নথিভুক্ত থাকায় গত ০৮-১০-২৬ তুফানগঞ্জ E.M কোর্টের অ্যাফিডেভিট বলে আমার পিতা AJAM ALI এবং AZAM ALI এক এবং অভিন্ন ব্যক্তি হিসাবে পরিচিত হলেন। গ্রাম+পোঃ ভেলাকোপা পার্ট-১, থানা - তুফানগঞ্জ, জেলা - কোচবিহার।

AFFIDAVIT

I, Kartik Ch. Roy, S/o. Lt. Satish Chandra Roy, R/o Vill- Kutipara, P.O. Hatiduba, P.S. Punoibari, Dist. Cooch Behar declared that my name is Kartik Chandra Roy as recorded in my Voter Card. That in my L.R. Khatian vide Kh. No.345, Mouja Gopalpur, P.S. Kotwali, Dist. Cooch Behar, J.L. No. 16 wherein my name has been recorded as Kartik Chandra Tekarsaliya. & khatian Vide .kh.No 4491 karthik chandra Roy That Kartik Chandra Roy and Kartik Chandra Tekarsalia both are the same person. Vide affidavit before the Executive Magistrate at Sadar, Cooch Behar on 10.07.26.

AFFIDAVIT

I, FURKUN KHATUN, W/O UJIR HOSSAIN, R/o Vill.-Shitalpur, P.O.- Dahua, P.S.-Harishchandrapur, Dist.-Malda declared that my actual name is FURKUN KHATUN as recorded in my Aadhaar & Voter Card. That my name has been wrongly written as FURKUN NESA in my daughter MUBASARA KHATUN's Birth Certificate (B-2019: 19-00776-000360). That FURKUN KHATUN & FURKUN NESA both are the same person. Vide affidavit No. 2794 before the Additional Chief Judicial Magistrate at Chanchal, Malda on 03.10.26.

UTI SWATANTRA India Invest Karo

UTI Mutual Fund — Haq, ek behtar zindagi ka

NOTICE OF INVESTOR AWARENESS PROGRAM (IAP)

UTI Mutual Fund invites you for an Investor Awareness Program to be conducted on October 10, 2026 at 6.00 pm at Rudrani Regency Hotel & Restaurant, Kaldighi, Gangarampur, Pin- 733124. We request your warm presence. Admission open for all.

Mumbai
October 10, 2026 **Toll Free No.: 1800 266 1230** **www.utimf.com**

REGISTERED OFFICE: UTI Tower, 'Gn' Block, Bandra Kurla Complex. Bandra (E), Mumbai - 400051 Phone: 022 - 66786666. UTI Asset Management Company Ltd. (Investment Manager for UTI Mutual Fund) E-mail: invest@uti.co in. (CIN-L65991MH2002PLC137867).

An Investor education & awareness initiative of UTI Mutual Fund. To know about the KYC documentary requirements and procedure for change of address, phone number, bank details, etc. please visit https://www.utimf.com/servicerequest/kyc. Please deal with only registered Mutual funds, details of which can be verified on the SEBI website under "Intermediaries/market Infrastructure Institutions" All complaints regarding UTI Mutual Fund can be directed towards service@uti.co.in and/or visit https://scores.sebi.gov.in (SEBI SCORES portal) or to escalate investor may visit https://smartodr.in/login Online Dispute Resolution Portal (ODR Portal) .

Mutual Fund Investments are subject to market risks, read all scheme related documents carefully.

অরণ্যে কোর এলাকায় টানা ৪ দিন

বক্সার জঙ্গলে নিজের শিকার নিজেই করল নবাগত বাঘিনি

অম্লানজ্যোতি ঘোষ
আলিপুরদুয়ার, ৯ অক্টোবর

এবার নিজের শিকার নিজেই করল বাল্মীকির বাঘিনি। বক্সা ব্যাঘ্র প্রকল্পের গভীর অরণ্যে পা রাখার পর ধীরে ধীরে নিজের চেনা ছন্দে ফিরছে সে। ৫ অক্টোবর এনক্লোজারের দরজার চৌকাঠ পেরিয়ে মুক্ত অরণ্যে প্রবেশ করেছিল বিহারের বাল্মীকি ব্যাঘ্র প্রকল্প থেকে নিয়ে আসা তিন বছরের বাঘিনি। তার পর থেকে টানা চারদিন বক্সার কোর এলাকায় রয়েছে সে। পুরোপুরি সুস্থ, স্বাভাবিক। শুধু তাই নয়, নিজের শিকার নিজেই করেছে বলে প্রাথমিক ভাবে খবর মিলেছে।

বাঘিনির এই স্বাভাবিক আচরণে খুশি বন দপ্তর। বনমন্ত্রী মনোজকুমার ওরাওঁ নিজেই জানিয়েছেন, বাঘিনি শিকার করেছে। পাশাপাশি বক্সার জঙ্গলে বাঘের সংখ্যাবৃদ্ধির পরিকল্পনাতেও গতি আসছে। ২৫ নভেম্বরের মধ্যে নির্দিষ্ট নিয়ম মেনে আরও একটি বাঘ নিয়ে আসার প্রস্তুতি শুরু হয়েছে। পরে আরও দুটো। অর্থাৎ, খুব শিগগিরই বক্সার অরণ্যে নিজের একাধিক সঙ্গী পেতে পারে বাল্মীকির বাঘিনি।

বক্সার অরণ্যে বাঘের পুনর্বাসনের যে উদ্যোগ শুরু হয়েছিল ১৬ সেপ্টেম্বর, তার অন্যতম গুরুত্বপূর্ণ পর্যায় ছিল বাঘিনিকে নতুন পরিবেশের সঙ্গে মানিয়ে নেওয়ার সুযোগ করে দেওয়া। দীর্ঘ প্রস্তুতি, বিশেষজ্ঞদের তত্ত্বাবধান এবং একাধিক ধাপ পেরিয়ে ২৯ সেপ্টেম্বর বাঘিনিকে বক্সায় নিয়ে আসা হয়। প্রথমে রাখা হয়েছিল রাজাভাতখাওয়ার ২৫ মাইল এলাকার বিশেষ এনক্লোজারে। ২ অক্টোবর নির্ধারিত কর্মসূচিতে এনক্লোজারের দরজা খুলে দেওয়া হলেও সঙ্গে সঙ্গে জঙ্গলে প্রবেশ করেনি সে। নিজের মতো করে সময় নিয়েছিল। শেষ পর্যন্ত ৫ অক্টোবর বিকেল পাঁচটার পর এনক্লোজার ছেড়ে বক্সার গভীর অরণ্যে প্রবেশ করে বাঘিনি। সেই থেকে শুরু হয়েছে তার নতুন পরিবেশে স্বাধীন বিচরণের পর্ব।

বাঘিনিকে নিয়ে আসা এবং স্থানান্তরের সময় পরপর দু'বার ট্র্যাঙ্কুলাইজ করতে হয়েছিল। ফলে স্বাভাবিক ভাবেই কিছুটা দুর্বল হয়ে পড়েছিল সে। ২৯ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া সেই পর্বের পর ধীরে ধীরে তার শক্তি ফিরে পাওয়াটাই ছিল বন দপ্তরের কাছে গুরুত্বপূর্ণ বিষয়। বনমন্ত্রী মনোজকুমার ওরাওঁ জানিয়েছেন, বাঘিনি এখন পুরোপুরি সুস্থ ও স্বাভাবিক হয়ে উঠেছে। বনমন্ত্রীর কথায়, 'প্রথম দিকে কিছুটা দুর্বল থাকলেও এখন সে ধীরে ধীরে বক্সার জঙ্গলকে চিনে নিচ্ছে। নিজের বিচরণক্ষেত্র বাড়াচ্ছে। সবচেয়ে বড় কথা, নিজের শিকার নিজেই করেছে সে।' বাঘিনির স্বাভাবিক

সোনাঝুরির আদলে সাপ্তাহিক হাটের পরিকল্পনা মন্ত্রীর

অলক সরকার
শিলিগুড়ি, ৯ অক্টোবর

শিলিগুড়ির কাওয়াখালিতে অবস্থিত বিশ্ববাংলা শিল্পীহাটকে ঢেলে সাজানোর পরিকল্পনা নিচ্ছে রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ বিভাগ। দপ্তরের মন্ত্রী দীপক বর্মন এদিন শিল্পীহাট পরিদর্শনও করেন। গোটা শিল্পীহাটের কী পরিস্থিতি, তাকে সচল করতে কী কী পদক্ষেপ করা যেতে পারে, সমস্ত বিষয় সরজমিনে খতিয়ে দেখেন। মন্ত্রীর সঙ্গে বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলার সভাপতি অরুণ মণ্ডল, সবিতা আগরওয়াল–সহ স্থানীয় পঞ্চায়েতের প্রতিনিধিরাও ছিলেন। গোটা এলাকা ঘুরে দেখে মন্ত্রী বলেন, 'এই মেলা প্রাঙ্গণ পুরো ঢেলে সাজাতে হবে। এর পর আমরা সাপ্তাহিক হাট বসানো যায় কি না, সে বিষয়ে পরিকল্পনা করব।'

মূলত উত্তরবঙ্গের শিল্পীদের কথা মাথায় রেখেই এই পরিকল্পনা হবে বলে মন্ত্রী জানান। পরিদর্শনের সময় মন্ত্রী বোলপুরের সোনাঝুরি হাটের প্রসঙ্গ টেনেছিলেন। তবে কি বিশ্ববাংলা শিল্পীহাট উত্তরবঙ্গের সোনাঝুরি হয়ে উঠবে? মন্ত্রী অবশ্য এই বিষয়ে আগে বিস্তারিত জানাতে চাননি। তবে অনেকটা সোনাঝুরি হাটের আদলেই যে সবটা ভাবা হচ্ছে, তাও অনেকটা পরিষ্কার। কাওয়াখালি বিশ্ববাংলা শিল্পীহাট অন্তত ৫ একর জমির ওপর তৈরি। প্রায় ৪০ থেকে ৫০টি স্থায়ী কভার্ড স্টল, কিয়স্ক এবং খোলামেলা প্রদর্শনী কক্ষ রয়েছে। বছরের নির্দিষ্ট সময়ে (যেমন পশ্চিমবঙ্গ রাজ্য হস্তশিল্প মেলা) যখন মেলা বসে, তখন প্রাঙ্গণে অস্থায়ী ভাবে ১০০ থেকে ১৫০টিরও বেশি স্টল বসানো হয়। নারী ও পুরুষ শিল্পীদের জন্য আলাদা দোতলা আবাসিক ভবন। উন্মুক্ত মঞ্চ ও গ্রিন রুম। প্রশাসনিক ভবন, ভিআইপি লাউঞ্জ ও কনফারেন্স রুম। ফুড কোর্ট, চিলড্রেনস পার্ক এবং পার্কিং ব্যবস্থা ইত্যাদি। কিন্তু আপাতত মেলা না বসায় গোটা মেলা নষ্ট হচ্ছে। মন্ত্রী বলেন, 'আমরা জায়গাটিকে সঠিক ভাবে ব্যবহারের পাশাপাশি উত্তরবঙ্গের শিল্পীদের বিশেষ সুবিধা দিতে চাই।'

বিশ্ববাংলা শিল্পীহাট ঘুরে দেখছেন স্কুল শিক্ষা মন্ত্রী দীপক বর্মন। ছবি: শৌভিক দাস

প্রধান শিক্ষকের বদলি রুখতে পথে নেমে পড়ুয়াদের বিক্ষোভ

আজকালের প্রতিবেদন
শিলিগুড়ি, ৯ অক্টোবর

দুই দশক ধরে তিলে তিলে মুরালীগঞ্জ স্কুলকে দেশের অন্যতম সেরার জায়গায় নিয়ে গেছেন যে প্রধান শিক্ষক, সেই শিক্ষক সামসুল আলমকেই কাঠগড়ায় তুলে শেষে স্কুল থেকে বদলি করে দেওয়া হচ্ছে। স্কুলের পঠনপাঠন ঠিক রাখতে সাধারণ মানুষের সহযোগিতা নিয়ে প্রধান শিক্ষক ২৬ জন অতিথি শিক্ষক নিয়োগ করেছিলেন। কিছু পড়ুয়ার অভিযোগের কারণে একজন অতিথি শিক্ষককে ক'দিন স্কুলে না আসার কথা জানিয়েছিলেন। অভিযোগ এমনই। এখান থেকেই প্রধান শিক্ষকের বিরুদ্ধে তৈরি হয় বিরোধ। পরে সেই বিরোধ ছাত্র–বিক্ষোভে রূপ নেয়। কিন্তু ধীরে ধীরে দেখা যায় মূল সমস্যা থেকে গোটা ঘটনা সরে গিয়ে প্রধান শিক্ষকের প্রতি একাধিক অভিযোগ দেওয়া শুরু হয়। এমনকী, স্কুল পরিদর্শক প্রধান শিক্ষকের বিরুদ্ধে মামলা পর্যন্ত করেন। পরিস্থিতি এমন রূপ নেয় যে, প্রধান শিক্ষকের স্কুলে ঢোকা বন্ধ হয়ে যায়।

বৃহস্পতিবার জেলা শিক্ষা দপ্তর থেকে জানা যায়, ওই প্রধান শিক্ষককে উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ মহকুমা সীতগ্রাম উচ্চ বিদ্যালয়ে বদলি করে দেওয়া হয়েছে। এই খবর জানাজানি হতেই এদিন আবারও বিদ্যালয়ের পড়ুয়ারা প্রতিবাদ–বিক্ষোভে মাঠে নেমে পড়ে। তাদের একটাই দাবি, প্রধান শিক্ষককে সরানো চলবে না। সামসুল স্যর না থাকলে স্কুল বরবাদ হয়ে যাবে। নেহা বেগম নামের এক পড়ুয়া জানায়, ১ মাস প্রধান শিক্ষকের অবর্তমানে স্কুলের শৃঙ্খলা তলানিতে পৌঁছেছে। কয়েকটি শাখার পড়ুয়াদের একটি ঘরে নিয়ে পড়াতে হচ্ছে। কারণ শিক্ষক নেই। অতিথি শিক্ষকরা অনেকেই আর আসছেন না। সব মিলিয়ে পড়ুয়া থেকে একাংশ অভিভাবক ধরে ফেলেছেন, কোথাও একটা চক্রান্ত হয়েছে। যার পরিণামে স্কুলের পরিকাঠামো ক্রমেই নষ্ট হচ্ছে। ফলে তাঁরাও এদিন প্রতিবাদে সরব হন।

এদিন যেন পরিস্থিতি খারাপ দিকে না যায়, সেইজন্য প্রচুর পুলিশ মোতায়েন ছিল। যদিও বদলির নির্দেশ পাওয়া প্রধান শিক্ষক সামসুল আলম বলেন, 'সরকার যেখানে পাঠাবে, আমাকে সেখানেই চাকরি করতে হবে। এখানে আমার আর কিছু করণীয় নেই।'

বিক্ষোভে শামিল বিদ্যালয়ের পড়ুয়ারা। ছবি: অলক সরকার

পঞ্জাব নৈশনল বৈঁক ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon !

অ্যাসেট রিকভারি মনিটরিং ব্রাঞ্চ, এনজেপি (শিলিগুড়ি)
ইউনাইটেড ব্যাঙ্ক বিল্ডিং, ২ নং ফ্লোর, হিল কার্ট রোড, শিলিগুড়ি–৭৩৪০০১
[ই–মেল: cs8289@pnb.co.in, ফোন: ০৩৫৩–২৪৩২৬৬৪]
পরিশিষ্ট–IV–A [রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে এই ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

সুরক্ষিত পরিসম্পদের তফসিল

লট নং	ক) শাখার নাম খ) অ্যাকাউন্টের নাম গ) ঋণগ্রহীতা/ জামিনদারগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	ঘ) বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তির বন্ধকদাতা]	ঙ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ চ) অনাদায়ী বকেয়া ছ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ জ) দখলের প্রকৃতি	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি (ইএমডি জমার শেষ তারিখ ও সময়) গ) বিড বাড়ানোর মূল্য	ঘ) ই–নিলামের তারিখ ও সময়	ঙ) সম্পত্তির ওপর সুরক্ষিত ঋণদাতার জানা দায়**
১	ক) মাথাভাঙা (১৬০০২০) খ) ১. মেসার্স কালিকাগঞ্জ এফএল অফ শপ ২. প্রয়াত উমা শঙ্কর সিং গ) ঠিকানা: শ্রী প্রশান্ত সিং (Prashant Singh) ওরফে প্রশান্ত সিং (Prasant Singh) এবং শ্রী সুশান্ত সিং, উভয়ে প্রয়াত উমা শঙ্কর সিং এর আইনি উত্তরাধিকারী ঠিকানা: ওয়ার্ড নং ০৮, পশ্চিম পাড়া, পোঃ ও থানা–মাথাভাঙা, জেলা কোচবিহার, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৬১৪৬	২৩.০২.২০১১ তারিখের দলিল নং I–৭৪৩ ও ০৯.০৩.২০১১ তারিখের দলিল নং I–৯৬৬ এর ভিত্তিতে রেনু সিং, স্বামী উমা শঙ্কর সিং এর নামে জমি ও বাড়ি, থাক নং ২৮৮, জে এল নং ১৮৩, খতিয়ান নং ১৯৭৬ (সাবেক) এবং ৪/১, আর এস দাগ নং ২০৩ ও ২০৪, এল আর খতিয়ান নং ৩২৭১, এল আর দাগ নং ৩০৩ ও ৩০৪, মোট জমি (৪.৬০০ ডেসিমেল + ০.৫০০ ডেসিমেল) যথা (০.০১ একর বাস্তু হিসাবে চিহ্নিত (এল আর প্লট নং ৩০৩ এর ভিত্তিতে) এবং ০.০১ একর বাস্তু হিসাবে চিহ্নিত (এল আর প্লট নং ৩০৪ এর ভিত্তিতে) + ০.০৩ একর কনভার্সন কেস নং ১২০/২০১১ এর ভিত্তিতে গোডাউন হিসাবে চিহ্নিত, মোট জমি ০.০৫ একর, মৌজা/তালুক নগর মাথাভাঙা, থানা মাথাভাঙা, জেলা কোচবিহার, পশ্চিমবঙ্গ, পিন–৭৩৬১৪৬। চৌহদ্দি (দলিল নং ৯৬৬ অনুসারে) : উত্তর: পল্টু করের সম্পত্তি; দক্ষিণ: রেনু সিং এর সম্পত্তি; পূর্ব: মোরাঙ্গা রোড; পশ্চিম: জগন্নাথ সিং ও অন্যদের সম্পত্তি।	ঙ) ২৭.০৪.২০২২ চ) ₹৫৮,১৪,৬২৪.৬৯ [১৩(২) দাবি বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক], তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ ছ) ১৫.১২.২০২২ জ) প্রতীকী	ক) ₹৭২,৬৭,৫০০/– খ) ₹৭,২৬,৭৫০/– (২৬.১০.২০২৬) গ) ₹২৫,০০০/–	ঘ) ২৭.১০.২০২৬ সকাল ১০টা থেকে বিকেল ৪টে	ঙ) ব্যাঙ্কের জানা নেই
২	ক) আলিপুরদুয়ার (০২৩৮২০) খ) ঘোষ ট্রেডার্স এবং উজ্জ্বল ঘোষ গ) প্রোপ্রাইটর এবং জামিনদারের ঠিকানা : কলেজ হল্ট, কোর্ট পাড়া, এনবিএসটিসি বাস স্ট্যান্ডের বিপরীতে, পোঃ আলিপুরদুয়ার কোর্ট, জেলা আলিপুরদুয়ার, পিন–৭৩৬১২২	জমি ও বাড়ির সমবন্ধক, মাপ ০.০২ একর, মৌজা–পশ্চিম জিতপুর, আলিপুরদুয়ার পুরসভার অধীন, থানা আলিপুরদুয়ার, জেলা আলিপুরদুয়ার, খতিয়ান নং ৩৪৭৭, জে এল নং ৪৯, বুক নং I, সিডি ভলিউম নং ৩১, পৃষ্ঠা ৩২৯ থেকে ৩৩৪ এডিএসআর আলিপুরদুয়ারে নিবন্ধিত ২০০৯ সালের দান দলিল নং I–১৯৫৪ এর ভিত্তিতে সম্পত্তিটি শ্রী উজ্জ্বল ঘোষ এর নামে।	ঙ) ১৩.০৮.২০১৯ চ) ₹১,৫০,৭৮,১৩৬.৯৭ তৎসহ ০১.০৮.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ ছ) ১৭.১০.২০১৯ জ) প্রতীকী	ক) ₹৩৬,৮১,৯০০/– খ) ₹৩,৬৮,১৯০/– (২৬.১০.২০২৬) গ) ₹২৫,০০০/–	ঘ) ২৭.১০.২০২৬ সকাল ১০টা থেকে বিকেল ৪টে	ঙ) ব্যাঙ্কের জানা নেই
৩	ক) মাসকলাইবাড়ি (০৭৯০২০) খ) সিঙ্গিমারি টি অ্যান্ড অ্যাগ্রো প্রাইভেট লিমিটেড ০৭৯০২০৮৭০০০০০১০৬ গ) ঠিকানা: গ্রাম– সিঙ্গিমারি পার্ট ২, পোঃঅঃ– বেরুবাড়ি, জেলা– জলপাইগুড়ি, পশ্চিমবঙ্গ–৭৩৫১৩২	বই নং I, ভলিউম নং ০৭০১–২০১৯, পৃষ্ঠা নং ১০২১৭২ থেকে ১০২১৮৭–তে নথিভুক্ত ১১.১১.২০১৯ তারিখের রেজিস্টার্ড দলিল নং I–৪৫২৩/২০১৯ অনুসারে মেসার্স সিঙ্গিমারি টি অ্যান্ড অ্যাগ্রো প্রাইভেট লিমিটেড–এর মালিকানাধীন সামান্য কমবেশি ১.৬৮ একর জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর খতিয়ান নং ৯, এল আর প্লট নং ৩০১, ৫৬৫ ও ৭৪৪, জে এল নং ১৫, মৌজা– সিঙ্গিমারি ২ নং খণ্ড, পরগনা– মেখলিগঞ্জ, মহকুমা– জলপাইগুড়ি, এডিএসআর– জলপাইগুড়ি, থানা– কোতোয়ালি, জেলা– জলপাইগুড়ি, রাজ্য– পশ্চিমবঙ্গ। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ভুলান মজুমদারের জমি; দক্ষিণ– ভুলান মজুমদারের জমি; পূর্ব– ভুলান মজুমদারের জমি; পশ্চিম– ১৫ ফুট চওড়া পাকা রাস্তা।	ঙ) ২৫.০৯.২০২৪ চ) ₹২,০৩,৯৪,১৪৬.৫০ + [১৩(২) নোটিসে উল্লেখমতো অর্থাঙ্ক + উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ ছ) ০২.১২.২০২৪ জ) প্রতীকী	ক) ₹৪৯,০০,৫০০/– খ) ₹৪,৯০,০৫০/– (২৬.১০.২০২৬) গ) ₹২৫,০০০/–	ঘ) ২৭.১০.২০২৬ সকাল ১০টা থেকে বিকেল ৪টে	ঙ) ব্যাঙ্কের জানা নেই

শর্ত ও নিয়মাবলি
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **২৭.১০.২০২৬ তারিখে সকাল ১০টা থেকে বিকাল ৪টায় https://baanknet.in** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.in এবং www.pnbindia.in** ওয়েবসাইটগুলি দেখুন।

তারিখ: ০৫.১০.২০২৬
স্থান: শিলিগুড়ি

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(৬) / ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

মিড-ডে মিলে চিকেন বিরিয়ানি

পার্থসারথি রায়
জলপাইগুড়ি, ৯ অক্টোবর

মহালয়া উপলক্ষে স্কুলের মিড–ডে মিলের ভোজে চিকেন বিরিয়ানি খাওয়ানো হল পড়ুয়াদের। এমনিতে প্রতিদিনের মিড–ডে মিলের খাবারে শিশুদের ভাত, ডাল ও সবজি অথবা খিচুড়ি দেওয়া হয়। তার বদলে শুক্রবার পড়ুয়াদের পাতে দেওয়া হয় চিকেন বিরিয়ানি। সঙ্গে ছিল চাটনি ও পায়েস। বিশেষ এই খাবার পেয়ে খুশিতে উচ্ছ্বসিত হয়ে ওঠে ছোট শিশুরা। এদিন ধূপগুড়ি ব্লকের দুটি প্রাথমিক বিদ্যালয়ে এই খাবারের আয়োজন করেন শিক্ষকরা।

দুটি স্কুলে সব মিলিয়ে ৩৫৮ জন পড়ুয়াকে বিরিয়ানি খাওয়ানো হয়। মহালয়ার আগে স্কুলের মিড–ডে মিলের খাবারে এই মহাভোজ পেয়ে রীতিমতো পুজোর আনন্দে মেতে ওঠে ছোট পড়ুয়ারা। তাদের এই আনন্দ দেখে

মহালয়া উপলক্ষে

খুশি শিক্ষকরাও। ধূপগুড়ি আর আর প্রাথমিক বিদ্যালয় এবং ধূপগুড়ি বিএফপি প্রাথমিক বিদ্যালয়ের এই উদ্যোগে খুশি ছাত্রছাত্রীদের অভিভাবকরাও। জানা গেছে, দুটি স্কুল মিলিয়ে মোট ৩৫৮ জন পড়ুয়ার মধ্যে আর আর প্রাথমিক বিদ্যালয়ের ছিল ২৪৮ জন ও বিএফপি প্রাথমিক বিদ্যালয়ের ১১০ জন পড়ুয়া। খুব সম্প্রতি অবসর গ্রহণ করতে চলেছেন ধূপগুড়ি আর আর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জয়ন্ত মজুমদার। এজন্য পুজোর ছুটির আগে তাঁকে বিদায় সংবর্ধনা জানান অভিভাবকরা। দীর্ঘদিনের শিক্ষকতা

জলপাইগুড়িতে মন্ত্রী দুধকুমার

পার্থসারথি রায়
জলপাইগুড়ি, ৯ অক্টোবর

সরকারি সুযোগ ও সুবিধে কৃষকদের হাতে কতটা পৌঁছোচ্ছে, জেলায় জেলায় ঘুরে তা খতিয়ে দেখছেন রাজ্যের কৃষি দপ্তরের মন্ত্রী দুধকুমার মণ্ডল। কৃষকদের সার্বিক পরিস্থিতি দেখতে কয়েকদিন ধরে উত্তরবঙ্গ সফরে রয়েছেন তিনি। জলপাইগুড়িতে এসে কৃষিমন্ত্রী দুধকুমার মণ্ডল বলেন, 'উন্নত প্রযুক্তির মাধ্যমে আগামী দিনে এই রাজ্যে কৃষি বিপ্লব ঘটতে চলেছে।'

তিনি বলেন, 'মন্ত্রী হওয়ার পর দু'বার দিল্লিতে কেন্দ্রীয় কৃষি মন্ত্রকের সঙ্গে আলোচনা করে প্রায় ৪০৯ কোটি টাকা বরাদ্দ নিয়ে এসেছি। ইতিমধ্যেই কেন্দ্র থেকে ৫০ শতাংশ অর্থ পাঠানো

কৃষিমন্ত্রী দুধকুমার মণ্ডল। ছবি: প্রতিবেদক

হয়েছে। এর আগে তৃণমূল সরকার কেন্দ্রের সঙ্গে কোনও যোগাযোগ না রাখায় এই রাজ্যের কৃষকরা অনেক সুযোগ–সুবিধা থেকে বঞ্চিত হয়েছিলেন। তবে বর্তমান সরকার কৃষকদের পাশে রয়েছে। তাঁদের উন্নত মানের কৃষি সরঞ্জাম ও প্রযুক্তি দিয়ে সহায়তা করা হবে।' জলপাইগুড়ি সফরে এসে জেলা কৃষি দপ্তরের আধিকারিকদের সঙ্গে সার্কিট হাউসে বৈঠক করেন মন্ত্রী। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে বলেন, 'রাজ্যে এবার পাট ও ধানের ফলন খুব ভাল হয়েছে। তাই কৃষকরা যাতে তার সঠিক মূল্য পান সেদিকে নজর দেওয়া হচ্ছে।'

মন্ত্রী আরও বলেন, 'বিগত সরকারের আমল থেকে কর্মী–সংখ্যায় অনেক ঘাটতি রয়েছে। এর মধ্যেও আমাদের দপ্তরের কর্মীরা যাতে সঠিক ভাবে কাজ করতে পারেন, তাঁদের সেই পরিবেশ করে দেওয়া হচ্ছে। কৃষকরা যাতে আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষি পণ্য উৎপাদন করতে পারেন, সেইজন্য প্রায় ৮০ শতাংশ ভর্তুকিতে কৃষকদের বিভিন্ন সরঞ্জাম দেওয়া হচ্ছে।'

শব্দরঙ্গ–৪২৮



পাশাপাশি

১. অতি সামান্য কিছু যা বিভক্ত করলে ভাগে প্রায় কিছুই পড়ে না ৫. বিস্তৃত, ব্যাপ্ত ৮. গাড়ি সম্বন্ধীয় ৯. ধনশালী, ধনী ১০. কূটকৌশল, জটিল কায়দা ১১. তাড়ি।

উপর–নীচ

২. কেন্দ্রগত
৩. বিপদ থেকে উদ্ধার
৪. নির্দোষিতা
৬. প্রণাম করা
৭. মাদকসেবী
১০. দক্ষ কারিগর, শিল্পী।

সমাধান–৪২৭

এ		এ	কা	ম্র	কা	ন	ন
ক			র্য			খ	
পা	দো	দ	ক		হোঁ	দ	ল
	র্দ		র			ন্ত	
	ণ্ড			জী		হী	
কু	প্র	থা		ব	জ্রা	ন	ল
	তা			ন্তি			জি
সি	প	স	র	কা	র		ং

■ শুভজ্যোতি রায়

আজ টিভিতে কী দেখবেন

সিনেমা

● **জি বাংলা সোনার**
সকাল ৬–০০ **সুরে সুরে শারদীয়া**, সকাল ৯–০০ **সমুদ্র মন্থন ও নীলকণ্ঠ**, সকাল ১১–৩০ **জয় মা দুর্গা**, রাত ১০–৩০ **পথের পাঁচালী**

● **আকাশ আট**

দুপুর ৩–০৫ **মনের মানুষ**

● **কালার্স বাংলা সিনেমা**
সকাল ১০–৩০ **তোমাকে চাই**, দুপুর ১–১৫ **শত্রুর মোকাবিলা**, বিকেল ৫–০০ **মিনিস্টার ফাটাকেষ্ট**, রাত ৯–৩০ **ফাইটার, মারবো... নয় মরবো**

● **ডিডি বাংলা**
দুপুর ২–৩০ **দক্ষযজ্ঞ**

● **জলসা মুভিজ**
সকাল ৫–০০ **দ্রৌপদী**, সকাল ৯–০০ **কাশমোরা**, দুপুর ১২–৩০ **সতীর একান্নপীঠ**, বিকেল ৪–৩০ **দেবী**, রাত ৯–৩০ **দুর্গা দুর্গতিনাশিনী**

● **কালার্স সিনেপ্লেক্স**
সকাল ৭–৫০ **হাম কিসি সে কম নেহি**, সকাল ১১–১০ **শেরশাহ**, বিকেল ৫–০০ **তেবর**, রাত ৮–০০ **নমক হালাল**, রাত ১১–৫০ **যুবা**

জি বাংলা সোনার
প্রজাপতি ২
রাত ৮–০০

কালার্স সিনেপ্লেক্স
নাস্তিক
দুপুর ১–৪৫

বিশেষ অনুষ্ঠান

● **'শতবর্ষে কলকাতা বেতার ও মহিষাসুরমর্দিনী'**

শতবর্ষ পার করল কলকাতা বেতার। সেই উপলক্ষে টিভি৯ বাংলায় অনুষ্ঠিত হচ্ছে বিশেষ অনুষ্ঠান 'শতবর্ষে কলকাতা বেতার ও মহিষাসুরমর্দিনী'। বাঙালির সাংস্কৃতিক ঐতিহ্য ও মহালয়ার আবেগের সঙ্গে ওতপ্রোত ভাবে জড়িয়ে রয়েছে আকাশবাণী কলকাতা এবং তার কালজয়ী অনুষ্ঠান— বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কণ্ঠে 'মহিষাসুরমর্দিনী'। রেডিও সম্প্রচারের ইতিহাস এবং বাঙালির জীবনে 'মহিষাসুরমর্দিনী'র তাৎপর্য তুলে ধরা হবে এই অনুষ্ঠানে।
টিভি৯ বাংলা: সকাল ৭–০০

● **জি সিনেমা**
সকাল ৬–০০ **হ্যালো ডার্লিং**, সকাল ৭–৫০ **কোয়ি...মিল গ্যায়া**, সকাল ১১–৩০ **হিরো নং ১**, দুপুর ২–২০ **আরআরআর**, সন্ধে ৬–০০ **রানওয়ে ৩৪**, রাত ৯–০৫ **ডন**

● **সোনি ম্যাক্স ২**



সকাল ৭–৪৫ **তুম মেরে হো**, সকাল ১০–০৩ **হায় মেরা দিল**, দুপুর ১২–৪৯ **কাশ্মীর কি কলি**, বিকেল ৪–০০ **পরম্পরা**, সন্ধে ৭–০৬ **গ্যাহেরি চাল**, রাত ১০–০০ **কর্পোরেট**

ধারাবাহিক

● **নদের নিমাই**

আকাশ আট: সন্ধে ৭–০০

দিনপঞ্জি

বিশুদ্ধ সিদ্ধান্ত: শনিবার, ২৩ আশ্বিন ১৪৩৩, ইং ১০ অক্টোবর ২০২৬, মুং ২৮ রবিয়স সানি ১৪৪৮
সূর্যোদয় ঘ ৫।৩৪।৩৯
সূর্যাস্ত ঘ ৫।১৩।৩
তিথি: (ভাদ্র কৃষ্ণপক্ষ) অমাবস্যা দং ৩৯।২৩ রাত্রি ঘ ৯।২০
নক্ষত্র: হস্তা দং ৪০।২০ রাত্রি ঘ ৯।৪৩

অন্য পঞ্জিকা: শনিবার, ২২ আশ্বিন ১৪৩৩, ইং ১০ অক্টোবর ২০২৬, হিজরি ২৮ রবিয়স সানি ১৪৪৮

জাতীয় ডাক দিবস

প্রয়োজন

লালবাজার কন্ট্রোল: 100, ট্রাফিক: 1073
পশ্চিমবঙ্গ পুলিস : 2214-5411-16
সিআইডি কন্ট্রোল : 2450-6100
ডিজি কন্ট্রোল : 2214-5087
বিধাননগর কন্ট্রোল : 4063-1111
হাওড়া কন্ট্রোল : 2641-5614
আসানসোল কন্ট্রোল : 0341-2250347
ব্যারাকপুর কন্ট্রোল :2593-2647
হাওড়া জিআরপি : 2641-3256
শিয়ালদা জিআরপি : 2350-3940
নিখোঁজ সংক্রান্ত : 2450-6100
প্রবীণ সুরক্ষা : 98300-88884
নারী সহায়তা: 1091

অ্যাম্বুল্যান্স 102
লাইফকেয়ার: 2475-4628
ইন্ডিয়ান রেডক্রস: 2248-3636
মেডিক্যাল ব্যাঙ্ক: 2554-0084
রাসমণি মিশন: 2867-6031
মীরা সেবাকেন্দ্র: 2411-8316
সেন্ট জনস অ্যাম্বুল্যান্স: 98300-23653
বেল ভিউ ক্লিনিক: 99037-59103/ 82406-09986

দমকল 101
কন্ট্রোল: 2241-4545
হাওড়া: 2666-8111
শিলিগুড়ি: 0353-2502222

রাতের ওষুধ / অক্সিজেন
ধন্বন্তরী: 2454-7941
নন্দন মেডিক্যাল: 2358-1723
জীবনদীপ: 2455-0926
সাউথ ব্যুরো: 2484-4322
বেল ভিউ ক্লিনিক ফার্মেসি: 6688-8888

ব্লাড ব্যাঙ্ক
সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক: 2351-0619
লাইফকেয়ার: 2284-6940/2298
অশোক ব্যাঙ্ক : 2472-0333
বেলভিউ ক্লিনিক: 6688-8888 / 99031-03088
সেবা প্রতিষ্ঠান: 2475-3639/3636

চক্ষুদান
গণদর্পণ: 94330-31504
বন্ধু কর্নিয়া কেন্দ্র: 2663-4178

শববহন
সুরুচি সঙ্ঘ, নিউ আলিপুর: 2400-9950
হিন্দু সৎকার: 2241-3849/ 2050
শ্রীভূমি স্পোর্টিং: 2534-0002
উদয়ের পথে: 98301-73814
যাদবপুর মার্চেন্টস: 2412-8165

আবহাওয়া